ঢাকা ওয়াসা

১) ২০২৫-২৬ অর্থ-বছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার কপি।
২) প্রস্তাবিত কাজের সিস্টেম ম্যাপ।
৩) অনুমোদিত দরের কপি।
৪) ক্যালকুলেশন।
৫) প্রাক্কলন।

বিষয়: **Mass Cleaning of sewer line & Manhole at Khamar Bari to Bijoy Soroni Mor, Monipuripara Gate No-1,2,4 and Asad Avenue to Mohammadpur BRTC Bus Stand, Arong Road, Thana Road Lalmatia area under MODS Zone-3, Dhaka WASA. অনুমোদন প্রসঙ্গে।**

০১) উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন-৩ এর আওতাধীন খামাড়বাড়ি থেকে বিজয় সরণি মোড়, মনিপুরিপাড়া গেট নং-১,২,৪ এবং আসাদ এভেনিউ হতে মহাম্মাদপুর বি আর টি সি বাস স্টান্ড , আড়ং রোড এরিয়া, থানা রোড লালমাটিয়া এলাকায় ঢাকা ওয়াসার পয়:লাইন বিদ্যমান রয়েছে। উক্ত পয়ঃ লাইন দ্বারা সংশ্লিষ্ট এলাকার গ্রাহকগণের পয়ঃ বর্জ্য অপসারিত হয়। পয়ঃ সেবা প্রদানের মাধ্যমে ঢাকা ওয়াসার বিপুল পরিমাণ রাজস্ব আয় হয়। বর্ণিত এলাকার পয়ঃলাইন সমূহ দীর্ঘ দিনের পুরাতন এবং জরাজীর্ণ অবস্থায় আছে। ফলে উক্ত এলাকা হতে প্রায়ই সুয়্যার ওভার-ফ্লো এর অভিযোগ আসে। এতে গ্রাহক অসন্তুষ্টিসহ পরিবেশ দূষিত হওয়ার পাশাপাশি মারাত্বক জনস্বাস্থ্য বিঘ্নিত হবার সম্ভাবনা তৈরী হয়। সঠিক পয়ঃ প্রবাহ বজায় রাখা, পরিবেশ দূষন রোধ ও ঢাকা ওয়াসার ভাবমূর্তি রক্ষার্থে জরুরী ভিত্তিতে স্যুয়ার লাইন ও ম্যানহোল সমুহে মাস্ ক্লিনিং কাজ করা প্রয়োজন।

০২) উপরিউক্ত বর্ণনার আলোকে বর্ণিত এলাকায় বিদ্যমান পয়ঃলাইন মাস ক্লিনিং কাজে প্রয়োজনীয় সংখ্যক স্যুয়ার ক্লিনার নিয়োজিত করার জন্য অনুমোদিত দর (সংযুক্ত ক্রঃ নং-৩ দ্রঃ) অনুযায়ী একটি প্রাক্কলন তৈরী করা হয়েছে । যাতে মোট ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে **৳ ৩,৭৪,৪০০/- (তিন লক্ষ চুয়াত্তর হাজার চার শত)** টাকা মাত্র (সংযুক্ত ক্রঃ নং-৫ দ্রঃ)। কাজটি পিপিআর-২০২৫ এর বিধি ১০১(১)মোতাবেক Force Account অনুসরনে বাস্তবায়ন করা যেতে পারে। উক্ত কাজ শেষে ব্যয়কৃত টাকা অনুমোদিত ভাউচারের মাধ্যমে সমম্বয় করা হবে। কাজের ব্যয়ভার অত্র মডস জোনের ২০২৫-২৬ অর্থবছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার পয়ঃ লাইন রক্ষনাবেক্ষণ (বাজেট কোড নং-01-04-002) খাত এর থোক বরাদ্দ ক্রমিক নং B-2(13) হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য কাজের আর্থিক ও প্রশাসনিক অনুমোদন ক্ষমতা **"ব্যবস্থাপনা পরিচালক"** মহোদয়ের আওতাধীন।

০৩) এমতাবস্থায়, উপরোক্ত বর্ণনার আলোকে : **"Mass Cleaning of sewer line & Manhole at Khamar Bari to Bijoy Soroni Mor, Monipuripara Gate No-1,2,4 and Asad Avenue to Mohammadpur BRTC Bus Stand, Arong Road, Thana Road Lalmatia area under MODS Zone-3, Dhaka WASA."** শীর্ষক কাজটি বাস্তবায়নের লক্ষ্যে নিয়োক্ত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারেঃ

ক) উল্লিখিত মাস ক্লিনিং কাজটি সম্পাদনের জন্য সর্বমোট **৳ ৩,৭৪,৪০০ /- (তিন লক্ষ চুয়াত্তর হাজার চার শত)** টাকার প্রাক্কলনটি অনুমোদন;

পরের পৃষ্ঠায় দ্রঃ

খ) আলোচ্য কাজটি পিপিআর -২০২৫ এর বিধি ১০১(১) মোতাবেক Force Account অনুসরনে বাস্তবায়নের অনুমোদন এবং

গ) আলোচ্য কাজের ব্যয়ভার অত্র জোনের ২০২৫-২৬ অর্থবছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার **"পয়ঃ লাইন রক্ষনাবেক্ষণ"** (বাজেট কোড নং-01-04-002) খাত এর থোক বরাদ্দ ক্রমিক নং B-2(13) হতে নির্বাহ করার অনুমোদন।

উপস্থাপিত প্রস্তাব সমূহ **"ব্যবস্থাপনা পরিচালক"** মহোদয় কর্তৃক সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।

05/04/2026
ইরফাত আরা তানিয়া
উপ-সহকারী প্রকৌশলী
মড্স জোন-৩, ঢাকা ওয়াসা

AE
05.04.26
মিলন মজুমদার
সহকারী প্রকৌশলী
মড্স জোন-৩, ঢাকা ওয়াসা।

EE
05.4.26
সালেহ মোহাম্মদ তাওসিফ
নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ)
মড্স জোন-৩, ঢাকা ওয়াসা।

SE, MODS CIR-1.

06/08/25
মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মড্স সার্কেল-১, ঢাকা ওয়াসা।

CE
6/04/2026
শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

06/08/2025
DMD (O & M)
মোঃ মিজানুল হক
(অতিরিক্ত সচিব)
উপব্যবস্থাপনা পরিচালক (ওএন্ডএম)
অতিরিক্ত দায়িত্ব
ঢাকা ওয়াসা।

06.08.2025
DMD$
CE

09-8-2025
ব্যবস্থাপনা পরিচালক মহোদয়
মোঃ আমিনুল ইসলাম
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।

XEN, Zone-3
9/04/26